

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
ওয়েব সাইট : www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০২৮.১৮.০০৮.১৮-৩৮৩

তারিখঃ ০৩/০৫/২০১৮খ্রিঃ

বিষয়ঃ নাটোর জেলার লালপুর উপজেলাধীন মনিহারপুর রামকৃষ্ণপুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ তৌহিদুল ইসলামকে স্থায়ী ভাবে বরখাস্ত করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নাটোর জেলার লালপুর উপজেলাধীন মনিহারপুর রামকৃষ্ণপুর উচ্চ বিদ্যালয় কারিগরি শিক্ষা অধিদপ্তরে এমপিও প্রাপ্তির জন্য আবেদন করেন। উক্ত আবেদনে সহকারী শিক্ষক ভাষা(বাংলা), জনাব মোসাঃ রুমানা পারভীন-এর এমপিও আবেদনে দেখা যায়-অত্র অধিদপ্তর হতে ইস্যুকৃত মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি মনোনয়ন পত্রটিতে মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধির নাম ও পদ স্মারক নং পরিবর্তন করে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করেছেন। এহেন কার্যক্রম জালিয়াতির সামিল। এই বিষয়ে প্রতিষ্ঠানে প্রধান শিক্ষক-এর কাছে কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০২৮.৩১.১৭-৯৩১, তারিখঃ ১১/১০/২০১৭খ্রিঃ মূলে ব্যাখ্যা চাওয়া হয়।

উক্ত পত্রের প্রেক্ষিতে প্রতিষ্ঠানের সভাপতি কারিগরি শিক্ষা অধিদপ্তরের ডকেট নং-২০৫/১৮ তারিখঃ ২১/০৩/২০১৭খ্রিঃ মোতাবেক একটি পত্র জমা করেন। উক্ত পত্রে দেখা যায়, প্রধান শিক্ষক ১৯৭৯ সালে বিদ্যালয়ে শিক্ষক-কর্মচারী চাকুরী বিধি লঙ্ঘন ও অর্থ আত্মসাৎ করে শিক্ষক নিয়োগসহ বিদ্যালয়ের বৃত্তের স্বার্থের পরিপন্থি কার্যকলাপ সংঘটিত করেছেন। যাহা নিম্নরূপঃ

- ১। শিক্ষক নিয়োগ বোর্ড সংক্রান্ত কারিগরি শিক্ষা অধিদপ্তরের ডিজির চিঠি জাল।
- ২। নিয়োগ সংক্রান্ত কাগজপত্রের ডিজি প্রতিনিধি মহোদয়ের স্বাক্ষর জাল।
- ৩। নিয়োগ বোর্ডের সকল সদস্যের স্বাক্ষর জাল।
- ৪। ম্যানেজিং কমিটির সভাপতি সহ সকল সদস্য গনের স্বাক্ষর জাল।
- ৫। নিয়োগ সংক্রান্ত সকল রেজুলেশন জাল ও ভূয়া।

উপরোক্ত বিষয়গুলোর সত্যতা প্রমানিত হওয়ায় প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি প্রধান শিক্ষককে স্থায়ী ভাবে বরখাস্ত করেন এবং এই অধিদপ্তরকে অবহিত করে পত্র প্রেরণ করেন। উল্লেখ্য যে, এটি একটি সংযুক্ত প্রতিষ্ঠান এবং প্রধান শিক্ষক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে এমপিও ভুক্ত।

যেহেতু উক্ত বিষয়টি প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি জালিয়াতির সাথে সংশ্লিষ্ট প্রধান শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ পূর্বক তাকে বরখাস্ত করে এ অধিদপ্তরকে অবহিত করেছেন। এমতাবস্থায়, উক্ত প্রধান শিক্ষকের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।


স্বাক্ষরিত/-
(অশোক কুমার বিশ্বাস)
অতিরিক্ত সচিব (কারিগরি)
ও
মহাপরিচালক(অতিরিক্ত দায়িত্ব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০২৮.১৮.০০৮.১৮-৩৮৩(১০)

তারিখঃ ০৩/০৫/২০১৮খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপসচিব(কারিগরি-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, নাটোর।
- ৬। সভাপতি, মনিহারপুর রামকৃষ্ণপুর উচ্চ বিদ্যালয়, পোঃ পানসিপাড়া, লালপুর, নাটোর।
- ৭। প্রধান শিক্ষক, মনিহারপুর রামকৃষ্ণপুর উচ্চ বিদ্যালয়, পোঃ পানসিপাড়া, লালপুর, নাটোর।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। পিএ টু ডিজি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। সংরক্ষণ নথি।


(মোঃ জহুরুল ইসলাম)

সহকারী পরিচালক(এমপিও)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা